চাঁপাইনবাবগঞ্জ পৌরসভায়

রাস্তা নির্মাণ কাজের উদ্বোধন হয়েছে

চাঁপাইনবাবগঞ্জ- চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার লোকাল গভর্নমেন্ট কোভিড-১৯ রেসপন্স অ্যান্ড রিকভারি প্রজেক্ট (এলজিসিআরআরপি) শীর্ষক প্রকল্পের ৮ম প্যাকেজের আওতায় কাঁঠালবাগিচা নাসিরের বাড়ী হতে তাইনুেসে বাড়ি পর্যন্ত ইউনি ব্লক রাস্তা,হুজরাপুর গুড়িপাড়া ধিরেনের বাড়ী হতে মহানন্দা নদী পর্যন্ত ইউনি ব্লক রাস্তা,ফকিরপাড়া সরকারি মহিলা কলেজ হতে পৌরসভার কবরস্থান পর্যন্ত ইউনি ব্লক রাস্তা নির্মাণ কাজের উদ্বোধন করা হয়েছে। প্যানেল মেয়র ২ মোঃ জিয়াউর রহমান আরমান এর সভাপতিত্বে শনিবার (১৩ জুলাই) সকালে প্রধান অতিথি হিসেবে এর উদ্বোধন করেন চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার মেয়র মো. মোখলেসুর রহমান।
অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি আজিজুর রহমান, পৌর আওয়ামী লীগ সভাপতি অধ্যক্ষ আব্দুল জলিল, জেলা আওয়ামী লীগের দপ্তর সম্পাদক আরিফুর রেজা ইমন, জেলা পরিষদ সদস্য আব্দুল জলিল মাসুদ, সংরক্ষিত আসনের কাউনসিলর নাজনীন ফাতেমা জিনিয়া, জেলা ছাত্রলীগের সভাপতি ডাঃ সাইফ জামান আনন্দ, স্থানীয়দের মধ্যে বক্তব্য রাখেন মোঃ জুলকার হোসেন। টাউন প্ল্যানার ইমরান হোসেন এর সঞ্চালনায় স্বাগতম বক্তব্য রাখেন পৌরসভার নির্বাহী প্রকৌশলী তৌফিকুল ইসলাম। এসময় স্থানীয় গণ্যমাণ্য ব্যাক্তিবর্গ সহ পৌরসভার কর্মকর্তা কর্মচারী উপস্থিত ছিলেন।